



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-৬৫/৭৮

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২  
২৪ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়ঃ- তুলাগাঁও দাখিল মাদ্রাসার ইবতেদায়ী প্রধান শিক্ষক জনাব মোঃ সাইফুল্লাহ কে স্বপদে বহাল প্রসঙ্গে।

- সূত্র: ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ই-অফিস সিস্টেমে ২৩৩২৫১০৫৬৩৩১ নং আইডিতে অভিযোগ  
২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর স্মারক নং- বামাশিবো/প্রশা/কুমিল্লা-৬৫, তারিখ: ২৯ ডিসেম্বর ২০২৫ খ্রি.  
৩। উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লা এর স্মারক নং- ০৫.২০.১৯৪০.০০৮.১৬.০০১.২৬-১৪১, তারিখ: ০৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.  
৪। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর স্মারক নং বামাশিবো/প্রশা/২২৪২৫১০৫৬৩৩১/১১৭৬৩০ তারিখ: ০৯-১০-২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলাধীন তুলাগাঁও দাখিল মাদ্রাসার ইবতেদায়ী প্রধান শিক্ষক জনাব মোঃ সাইফুল্লাহ কে অভিযোগ বিহীন জোরপূর্বক চাকুরী থেকে অপসারণ করা হয়েছে মর্মে সূত্রোক্ত ১ নং স্মারকে একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লা কে সূত্রোক্ত ২ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। সূত্রোক্ত ৩ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লা তদন্ত প্রতিবেদন প্রেরণ করেছেন।

তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন, মাদ্রাসা কর্তৃপক্ষ ও অভিভাবক সদস্য জনাব মোঃ মিজানুর রহমান অভিযোগকারীকে অনৈতিক ও অসামাজিক আচরন ও মাদ্রাসা অনুপস্থিতির জন্য ০৩ (তিন) টি কারণ দর্শানোর নোটিশ দেন। কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় আবেদনকারীকে সাময়িক বরখাস্ত করে মাদ্রাসা শিক্ষা বোর্ডে প্রেরণ করেন। এ বিষয়ে কোন মামলা বা মোকদ্দমা রুজু হয়নি এবং স্থানীয় পর্যায়ে বিষয়টি আপোষ নিষ্পত্তি করা হয়। বিষয়টি অত্র বোর্ডের সিদ্ধান্তের মাধ্যমে নিষ্পত্তির পরামর্শ দেন।

এমতাবস্থায়, উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লা এর তদন্ত প্রতিবেদনে অভিযোগের বিষয়টি স্থানীয় পর্যায়ে নিষ্পত্তি হওয়ায় ইবতেদায়ী প্রধান শিক্ষক জনাব মোঃ সাইফুল্লাহ কে স্বপদে বহালের জন্য সূত্রোক্ত ৪ নং স্মারকের অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতিকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৫/০৫/২৪  
২৪.২.২৬

প্রফেসর হালেহ আহমাদ  
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

সভাপতি

তুলাগাঁও দাখিল মাদ্রাসা, রাধানগর, দেবিদ্বার, কুমিল্লা;

নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-৬৫/৭৮

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২  
২৪ ফেব্রুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. জেলা প্রশাসক, কুমিল্লা;
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
৪. উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লা;
৫. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দেবিদ্বার, কুমিল্লা;
৭. সদস্যবৃন্দ, তুলাগাঁও দাখিল মাদ্রাসা, রাধানগর, দেবিদ্বার, কুমিল্লা;
৮. সুপার/ভারপ্রাপ্ত সুপার, তুলাগাঁও দাখিল মাদ্রাসা, রাধানগর, দেবিদ্বার, কুমিল্লা;
৯. ম্যানেজার, সোনালী/রুপালী/জনতা/অগ্রনী ব্যাংক লি: ..... শাখা, দেবিদ্বার, কুমিল্লা;
১০. পি.ও টু চেয়ারম্যান (মহোদয়ের অবগতির জন্য), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
১১. অফিস কপি;

মোঃ আব্দুর রশিদ

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd